**ALL INDIA RADIO**

**আকাশবাণী শিলচর**

**REGIONAL NEWS UNIT – SILCHAR**

**MORNING NEWS BULLETIN**

**BENGALI**

**29 December 2025** **7:35 AM IST**

==========================================================================

কেন্দ্রীয় স্বরাষ্ট্র মন্ত্রী অমিত শাহ আজ সকাল ১১টায় নগাও জেলার বটদ্রবায় আসাম সরকারের নতুন করে নির্মাণ করা ঐতিহাসিক বটদ্রবা থান প্রকল্পের উদ্বোধন করবেন । মহাপুরুষ শ্রীমন্ত শংকরদেবের জন্মস্থান বটদ্রবাকে কলা , সংস্কৃতি ও আধ্যাত্মিকতার অন্যতম প্রাণকেন্দ্র হিসেবে গড়ে তোলা সহ পর্যটকের আকর্ষনের কেন্দ্র করে তুলতে এই প্রকল্প গুরুত্বপূর্ন ভূমিকা পালন করবে বলে আশা করা হচ্ছে । মুখ্যমন্ত্রী ডঃ হিমন্ত বিশ্বশর্মা গতকাল বটদ্রবা প্রকল্পস্থল পরিদর্শন করেন যাবতীয় প্রস্তুতি সম্পর্কে অবগত হয়েছেন । কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রীর সঙ্গে আজ বটদ্রবায় রাজ্যের মূখ্যমন্ত্রী ডক্টর হিমন্ত বিশ্ব শর্মা , কেন্দ্রীয় মন্ত্রী সর্বানন্দ সনোয়াল ও পবিত্র মের্ঘেরিটা , রাজ্যের সংস্কৃতি মন্ত্রী বিমল বরা প্রমূখ উপস্থিত থাকবেন ।

---

এরপর স্বরাষ্ট্র মন্ত্রী শ্রীশাহ আজ বেলা তিনটায় গুয়াহাটীতে নতুন পুলিশ কমিশনারের কার্যালয় ও দুহাজারেরও বেশী সি সি টিভি সমৃদ্ধ সু-সংহত

কমান্ড ও নিয়ন্ত্রন কেন্দ্রের উদ্বোধন করবেন । এই কেন্দ্র রাজ্যে সুরক্ষা ও জরুরীকালীন সেবা ব্যবস্থাকে শক্তিশালী করে তুলবে বলে আশা করা হচ্ছে । এছাড়া খানাপারায় নবনির্মিত জ্যোতিবিষ্ণু প্রেক্ষগৃহের উদ্বোধন করবেন । ৫ হাজার আসনযুক্ত এই প্রেক্ষাগৃহ উত্তর-পূর্বাঞ্চলের অন্যতম বৃহৎ প্রেক্ষাগৃহ হিসেবে পরিগণিত হবে । উল্লেখ্য কেন্দ্রীয় স্বরাষ্ট্র মন্ত্রী অমিত শাহ গতকাল রাতে দুদিনের সফরসূচী নিয়ে আসামে এসেছেন ।

---

আসাম সরকার অরুণোদয় প্রকল্পের হিতাধিকারীর তালিকা থেকে সরকারী বেতনভোগী কর্মচারীদের নাম কর্তন করার নির্দেশ দিয়েছে । রাজ্যের অর্থবিভাগের পক্ষ থেকে এক নির্দেশনায় আগামী ৩১ শে ডিসেম্বরের মধ্যে অরুণোদয় প্রকল্পের অধীনে প্রতি মাসে আর্থিক অনুদান লাভ করা সবধরণের সরকারী নিয়মিত কর্মচারী , পেনশনার , ঠিকাভিত্তিক কর্মচারী সহ অঙ্গনওয়ারী কর্মী , মধ্যাহ্ন ভোজন কর্মী , আশা কর্মী , আশা পর্যবেক্ষক এবং গাঁও বুড়াদের নাম কর্তন করার নির্দেশ দেওয়া হয়েছে । এছাড়া কলেজ , জুনিয়র কলেজ , উচ্চ-প্রাথমিক , নিম্নপ্রাথমিক স্কুল , উচ্চতর মাধ্যমিক , মাধ্যমিক বিদ্যালয় , বিশ্ববিদ্যালয়ের ঠিকাভিত্তিক তথা অস্থায়ি কর্মচারীদের নামও অরুণোদয় প্রকল্পের হিতাধিকারীর তালিকা থেকে বাদ দেওয়ার নির্দেশ দেওয়া হয়েছে । অর্থ বিভাগের জারি করা নির্দেশনায় এধরণের সরকারী বেতনভোগী কর্মচারী এবং তাদের ওপর নির্ভরশীল পরিবারের সদস্যদের নামও ৩১ শে ডিসেম্বরের মধ্যে বাধ্যতামূলকভাবে অরুণোদয় প্রকল্পের তালিকা থেকে কর্তন করতে বলা হয়েছে ।

অন্যথা সংশ্লিষ্ট কর্মচারীর বিরুদ্ধে বিভাগীয় অনুশাসনমূলক ব্যবস্থা গ্রহণ করা ছাড়াও হিতাধিকারী হিসেবে লাভ করা অর্থ ফিরিয়ে নেওয়া হবে বলে সতর্ক করা হয়েছে । অর্থ বিভাগের সচিব নরসিং পাওয়ার প্রতিটি বিভাগকে নির্দেশ জারি করে নিজ নিজ বিভাগের কর্মচারীদেরকে এই বিষয়টি সম্পর্কে অবগত করাতে বলা হয়েছে ।

---

কেন্দ্রীয় মাধ্যমিক শিক্ষা পর্ষদ , সি বি এস ই আগামী ফেব্রুয়ারী মাসে অনুষ্ঠেয় কেন্দ্রীয় শিক্ষক যোগ্যতা নিরূপনকারী পরীক্ষা , সি -টেটের একবিংশ সংস্করনের জন্য অনলাইনে আবেদন সম্পূর্ন করতে না পারা প্রার্থীদের সুবিধা প্রদান করার সিদ্ধান্ত নিয়েছে । সি বি এস ই-র জারী করা নির্দেশনা অনুযায়ী এই পরীক্ষার জন্য গত ২৭শে নভেম্বর থেকে ১৮ই ডিসেম্বর পর্য্যন্ত অনলাইনে আবেদন প্রক্রিয়া খোলার পরও পোর্টালে কিছু ত্রুটি দেখা দেওয়ায় , আবেদন করতে না পারা একাংশ প্রার্থীর থেকে অভিযোগ পাওয়ার পর , পর্ষদ আবেদন প্রক্রিয়া সম্পূর্ন করতে না পারা এক লক্ষ ৬১ হাজারেরও অধিক প্রার্থীকে আবেদন সম্পূর্ন করার সুযোগ প্রদান করেছে ।

---

শ্রীভূমির জেলা আয়ুক্ত তথা জেলা নির্বাচনী আধিকারীক এক বিজ্ঞপ্তীতে জানিয়েছেন যে আসন্ন বিধানসভা নির্বাচনের প্রস্তুতি হিসেবে ইলেকট্রনিক ভোটিং মেশিন, ই ভি এম এবং ভোটার ভেরিফাইড পেপার অডিট ট্রেইল, ভি ভি প্যাট ইউনিটগুলির প্রথম স্তরের যাচাইকরন প্রক্রিয়া আজ থেকে শুরু হয়ে আগামী ৬ই জানুয়ারী পর্য্যন্ত শ্রীভূমি শহরের জেলা গ্রন্থাগার প্রেক্ষাগৃহে অনুষ্ঠিত হবে । বিজ্ঞপ্তীতে বলা হয়েছে যে রাজনৈতিক দলের প্রতিনিধিদের উপস্থিতিতে এই যাচাইকরন প্রক্রিয়া অনুষ্ঠিত হবে । জেলা

প্রশাসন থেকে ই ভি এমগুলির প্রথম স্তরের যাচাইকরন প্রক্রিয়া মসৃন ও সফলভাবে পরিচালনার জন্য সব রাজনৈতিক দল ও সংশ্লিষ্ট কর্মকর্তাদের সহযোগীতা কামনা করা হয়েছে ।

---

বাংলাদেশে সংখ্যালঘুদের উপর নির্যাতন এবং দীপু চন্দ্র দাস হত্যাকান্ডের প্রতিবাদ জানিয়ে আহলে সুন্নাহ ফাউন্ডেশন শ্রীভূমি শাখার উদ্যোগে গতকাল সন্ধ্যায় শ্রীভূমি শহরে ক্যান্ডাল মার্চের আয়োজন করা হয়েছে । এই ক্যান্ডেল মার্চটি শহরের বিভিন্ন সড়ক পরিক্রমা করে বিসর্জন ঘাটে এসে শেষ হয় । সেখানে বাংলাদেশের সংখ্যালঘুদের উপর নির্য্যাতন বন্ধের দাবী জানিয়ে আইনজীবি দাইয়ান হোসেন বক্তব্য রাখেন ।

---

আসাম ক্রিকেট এসোসিয়েশনের উদ্যোগে এবং হাইলাকান্দি জেলা ক্রীড়া সংস্থার সহযোগীতায় আজ থেকে হাইলাকান্দির নেতাজী সুভাষ চন্দ্র বসু স্টেডিয়ামের মাঠে আসাম প্রিমিয়ার ক্লাব চ্যাম্পিয়ানশিপ ক্রিকেট প্রতিযোগীতার অষ্টম সংস্করন শুরু হচ্ছে । আজ উদ্বোধনী ম্যাচে গতবারের চ্যাম্পিয়ান ব্লাড মাউথ ক্লাব মূখোমূখি হবে আলগাপুরের জি এল এস দলের বিরুদ্ধে । প্রতিযোগীতায় মোট দশটি দল অংশগ্রহন করছে । আগামী ১৭ই জানুয়ারী প্রতিযোগীতার ফাইনাল খেলা অনুষ্ঠিত হবে ।

---